গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

## রাজবাড়ী সদর উপজেলার জানুয়ারি/ ২০২৩ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

তারিখ : ০৯/০১/২০২৩ খ্রি:।

সময় সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো ।**

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীর ৬.১০ নং অনুচ্ছেদের জনাব নূর হোসেন ভুঁইয়া, চেয়ারম্যান শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ এর স্থলে জনাব নূর মোহাম্মদ ভুঁইয়া, চেয়ারম্যান শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ প্রতিস্থাপনপূর্বক সর্বসম্মতিক্রমে গতসভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নভেম্বর/২০২২ ও ডিসেম্বর/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা :** নভেম্বর/২০২২ ও ডিসেম্বর/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

| মাসের নাম | খুন | ধর্ষণ | ডাকাতি/ রাহাজানি | চুরি | বিশেষ ক্ষমতা | অস্ত্র উদ্ধার | জুয়া আইনে | নারী ও শিশু | প্রতারণা / মানবপাচার রহমামলা | মাদক মামলা | বিস্ফোরক মামলা | সড়ক দুর্ঘটনা | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ডিসেম্বর/২২ | - | - | | ০৬ | - | - | - | ০৪ | - | ২৫ | - | - | ০৬ | ৪১ | |
| নভেম্বর/২২ | - | - | | ০১ | - | - | - | ০৮ | - | ২১ | - | - | ১৭ | ৪৭ | |
| | - | - | - | বৃদ্ধি | - | - | - | হ্রাস | - | বৃদ্ধি | - | - | হ্রাস | হ্রাস | |

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, নভেম্বর/২০২২ মাসে চুরি-০১টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৮টি, মাদক মামলা -২১টি ও অন্যান্য-১৭টিসহ মোট ৪৭টি ও ডিসেম্বর/২২ মাসে চুরি-০৬টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৪টি, মাদক মামলা -২৫টি ও অন্যান্য-০৬টিসহ মোট ৪১টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা নভেম্বর/২০২২ মাসের তুলনায় ডিসেম্বর/২০২২ মাসে হ্রাস পেয়েছে।

**সিদ্ধান্ত :** রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপরতা অব্যাহত রাখার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো ।

**বাস্তবায়নে :** অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ।

০৪. **মাদক নিয়ন্ত্রক, রাজবাড়ী :** সহকারী পরিচালক, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী এর প্রতিনিধি সভাকে জানান যে, ডিসেম্বর/২০২২ মাসে ০৮টি অভিযান পরিচালনা করা হয়েছে। মামলা সংখ্যা-০৩, আসামী ০৭জন, উদ্ধারকৃত মাদক গাজা ৪ কেজি , ইয়াবা ৪০৫পিচ, হেরোইন .৫ গ্রাম। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে অভিযান অব্যাহত আছে। সমাজ থেকে মাদক নিয়ন্ত্রণ করতে হলে পরিবারিক সচেতনতা বৃদ্ধিসহ সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে হট লাইন চালু হয়েছে, হট লাইন নম্বর ০১৯৮০৮৮৮৮৮৮, ০১৪০৪০৭৩১৭৬। মাদকের বিষয়ে হট লাইনে তথ্য প্রদান করলে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সিদ্ধান্ত :** রাজবাড়ী সদর উপজেলার মাদক ক্রয়-বিক্রয় এর স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‍্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে :** অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৫. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা হ্রাস পেয়েছে। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর সভায় জানান যে, হাসপাতাল সাব সেন্টারসমূহে চাহিদার তুলনায় ঔষধ এর সরবরাহ কম থাকায় রোগীদের চাহিদা মোতাবেক দেয়া সম্ভব হচ্ছে না। সাব সেন্টারসমূহে কর্মরত ডাক্তারগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন। ছাত্র-ছাত্রীদের মধ্যে করোনা টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। ৪র্থ ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | নীতিমালার আলোকে সার্বিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর |
| ৬.২ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, ১লা নভেম্বর/২০২২ হতে জাটকা নিরোধ অভিযান চালু হয়েছে যা জুন/২০২৩ পর্যন্ত অব্যাহত থাকবে। জাটকা সংরক্ষণ অভিযান সফল বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের | নীতিমালার আলোকে সার্বিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। কোন বাজারে ১০ ইঞ্চির নিচে ইলিশ মাছ বিক্রয় না হয় সে লক্ষ্যে চেয়ারম্যানগণ স্থানীয়ভাবে কমিটি করে দিলে জাটকা মাছ বিক্রয় রোধ হবে। উড়াকান্দা এলাকার নদী থেকে অবৈধ বাঁধ অপসারণ করা হয়েছে। মৎস্যজীবীদের মধ্যে ভিজিএফ চাউল বিতরণ শুরু হয়েছে। সুষ্ঠুভাবে ভিজিএফ বিতরণের লক্ষ্যে পুরাতন তালিকা যাচাইকরে নতুন তালিকা তৈরী করতে হবে। চায়না দুয়ারী, কারেন্ট জাল ধ্বংস অভিযান অব্যাহত আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | | |
| ৬.৩ | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের ভাতা বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। বিকাশের মাধ্যমে প্রতারণা রোধের লক্ষ্যে আবেদন ফরমে কিছু পরিবর্তন আনা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ৬.৪ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, প্রাথমিক শিক্ষার গুনগতমান বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। নতুন বছরের অধিকাংশ বই বিতরণ করা হয়েছে। মজলিশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চুরি হয়েছে। ৫টি বিদ্যালয়ে ২ ঘন্টা ব্যাপী প্রাক-প্রাথমিক শিক্ষা চালু হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিদ্যালয়সমূহ পরিদর্শন এর ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ৬.৫ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, আনসার সদস্যদের প্রশিক্ষণের ধারা অব্যাহত আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | আনসার সদস্যদের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর। |
| ৬.৬ | অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, পাঠ কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। ইভটিজিং বন্ধে পুলিশ টহল বাড়াতে হবে বেলা ১টা হতে ২টার মধ্যে পুলিশ টহল দিলে ইভটিজিং বন্ধ হবে। | পুলিশী টহল প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৭ | অধ্যক্ষ, রাজবাড়ী শ্রীপুর লজ্জাতুন্নেছা কামিল মাদ্রাসা এর প্রতিনিধি জানান যে, মাদ্রাসা চলাকালীন সময়ে পুলিশী টহল প্রদান করায় ইভটিজিং বন্ধ হয়েছে। মাদ্রাসার কোন সীমানা প্রাচীর না থাকায় মাদ্রাসার নৈশ প্রহরীগণ অনিরাপত্তায় থাকে। সন্ধ্যার পরে মাদ্রাসা এলাকায় পুলিশ টহল প্রদান করা হলে অসামাজিক কার্যক্রম বন্ধ হবে। | পুলিশী টহল প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৮ | অধ্যক্ষ, ডাঃ আবুল হোসেন কলেজ, রাজবাড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, সকলের সার্বিক সহযোগিতায় অনার্স পরীক্ষা চলমান আছে। কলেজের অন্যান্য শ্রেণির পাঠদান কার্যক্রম অব্যাহত আছে। | নীতিমালার আলোকে পরীক্ষা গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, ডাঃ আবুল হোসেন কলেজ, রাজবাড়ী |
| ৬.৯ | জনাব মোঃ দেলোয়ার শেখ, চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ জানান যে, শ্রীপুর লজ্জাতুন্নেছা কামিল। মাদ্রাসার নৈশ প্রহরীর সহযোগিতায় মাদক সেবনের বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। সুষ্ঠু তদন্ত সাপেক্ষে মাদক সেবনের সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। পদ্মা নদীতে নদীতে অবৈধ বাঁধ নির্মানকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অবৈধভাবে বাঁধ দিয়ে মাছ ধরা ও মাদক সেবীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর ও অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১০ | জনাব নূর মোহাম্মদ ভুঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, কল্যানপুর রিফিউজী কলোনীর সরকারি ৩ বিঘা জমি থেকে ভূমিদস্যুরা মাটি কেটে ভাটায় বিক্রয় করেছে। এতে তিন ফসলী জমি পুকুরে পরিনত হয়েছে। মাটি ভর্তি ট্রাক চলার কারণে গ্রামীন রাস্তা নষ্ট হচ্ছে। অবৈধভাবে মাটি কাটা ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | অবৈধভাবে মাটি কাটা ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর |
| ৬.১১ | জনাব মোঃ আব্দুর রব, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ জানান যে, চন্দনী ইউনিয়নের চর পদ্মা মৌজায় নতুনভাবে জমি পয়স্থি হয়েছে। নতুন চরে একটি বেসরকারি সংস্থ সৌর বিদ্যুৎ প্লান্ট তৈরীর জন্য জমি পতিত রাখাতে চাচ্ছে। এলাকার কিছু মানুষ জমি পতিত না রেখে চাষের আওতায় আনার চেষ্টা করছে। এতে সৌর প্যানেল তৈরী কোম্পানী ও এলাকার মানুষের মধ্যে বিরোধের সম্ভাবনা আছে। চন্দনী ইউনিয়নের দায়িত্বে থাকা বিট পুলিশ অফিসারের কার্যক্রম বৃদ্ধি করায় হলে এলাকায় চুরিসহ অসামাজিক কাজ হ্রাস পেয়েছে। | চর পদ্মা মৌজার পয়স্থি জমিতে সৌর বিদ্যুৎ প্লান্ট তৈরীর বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ ও নিয়মিত পুলিশী টহল প্রদান করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর ও অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১২ | জনাব খোন্দকার রবিউল ইসলাম, সাংবাদিক, রাজবাড়ী প্রেস ক্লাব জানান যে, শহীদ ওহাবপুর ইউনিয়নের কল্যানপুর রিফিউজী কলোনীর সরকারি জমি থেকে মাটি কেটে ভাটায় বিক্রয় করার কারণে রাস্তা নষ্ট হচ্ছে। ইটভাটাগুলিতে কাঠ পোড়ানো হচ্ছে। পৌরসভা এলাকার মধ্যে অবৈধভাবে ইট পোড়ানো হচ্ছে। রাজবাড়ী লোকোসেড এলাকায় মাদক ক্রয় বিক্রয় হচ্ছে। মাদকের কারণে অপরাধ বৃদ্ধি পাচ্ছে। | পুলিশ এবং প্রশাসনের উদ্যোগ নিতে হবে | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর |
| ৬.১৩ | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আঃ জলিল জানান যে, আগামী ১০ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্বদেশ প্রর্ত্যাবর্তন দিবস যথাযথভাবে পালিত হবে। স্বদেশ প্রর্ত্যাবর্তন দিবসের গৃহীত কর্মসূচিতে সকলের উপস্থিতি কামনা করছি। কাঠ দিয়ে ইট পোড়ানো বন্ধের বিষয়ে প্রশাসনকে নজর দিতে হবে। মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরকে আরো তৎপর হতে হবে। বিট পুলিশ কার্যক্রম আরো জোরদার করা হলে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকবে। | কাঠ দিয়ে ইট পোড়ানো বন্ধ, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের তৎপর বৃদ্ধি ও বিট পুলিশ কার্যক্রম আরো জোরদার করতে হবে। | সহকারি পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ফরিদপুর, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১৪ | বীর মুক্তিযোদ্ধা এস এম নওয়াব আলী সভাকে জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় কর্মরত সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের সার্বিক প্রচেষ্টায় উপজেলার আইন- শৃংখলা নিয়ন্ত্রণে আছে। ফসলী জমি থেকে মাটি কাটা ও ইটভাটায় কাঠ দিয়ে ইট পোড়ানো বন্ধ করা প্রয়োজন। | আইন-শৃংখলা নিয়ন্ত্রনে সকলকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও সকল জনপ্রতিনিধি রাজবাড়ী সদর |

০৭. জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলার পরিষদের পাশে এ্যাক্রোবেটিক মাঠে মেলা অনুষ্ঠিত হচ্ছে। মেলায় জুয়া খেলা হলে এলাকার সাধারণ মানুষ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে। যুব সমাজের বড় একটি অংশ মাদকের সাথে জড়িত। মাদক মুক্ত পরিবেশ গঠনে সকলকে সচেতন হতে হবে।

০৮. সহকারী কমিশনার(ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, জনস্বার্থে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। মূলঘর, সুলতানপুর, চন্দনী ইউনিয়নে অবৈধভাবে মাটি কাটা বন্ধ করা হয়েছে। সুলতানপুর ইউনিয়নের কল্যানপুর রিফিউজী কলোনীর জমি থেকে মাটি কাটার বিষয়ে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর জানান যে, বিকাশ প্রতারক ও অন্যান্য প্রতারকরা বিভিন্ন কৌশলে সাধারণ মানুষকে প্রতারিত করছে। কিছু বাজারসমূহে সিসি ক্যামেরা স্থাপন করায় অপরাধ হ্রাস পেয়েছে। মাদক মুক্ত সমাজ গঠনে প্রশাসনের সকল স্তরের কর্মকর্তাগণের তৎপরতা অব্যাহত আছে। রাজবাড়ী সদর উপজেলার সার্বিক উন্নয়নের লক্ষ্যে উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তাগণ আন্তকরিকতার সাথে দায়িত্ব পালন করছেন। অবৈধভাবে মাটি কাটা রোধে উপজেলা নিরবাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি), রাজবাড়ী সদর আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করছেন। জেলা প্রশাসন, রাজবাড়ী ১৪ টি শর্তে মেলার অনুমতি প্রদান করেছেন। শর্ত ভঙ্গ হলে মেলা আয়োজকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০. অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা এর প্রতিনিধি জানান যে, রাজবাড়ী সদর উপজেলার কর্মরত সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সর্বস্তরের জনসাধারণের সার্বিক সহযোগিতার কারণে বিশৃঙ্খল ঘটনা ব্যতীত আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। মাদক সেবক ও বিক্রয়কারীদের তথ্য পাওয়া মাত্র অভিযান অব্যাহত আছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে সবাইকে সচেতন ও তৎপর থাকতে হবে। মাদক নিয়ন্ত্রণে আনতে সম্মিলিতভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। মটর সাইকেলের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। শেরেবাংলা স্কুলের পানির ট্যাংকের পাশে ও শ্রীপুর লজ্জাতুনেছা কামিল মাদ্রাসায় যথাসময়ে অভিযান পরিচালনা করা হবে।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি সভায় এ উপজেলার আইন-শৃঙ্খলা উন্নয়নের লক্ষ্যে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। মাটি কাটা বন্ধ, ইভটিজিং, জাটকা নিধন ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিবাদ, প্রতিরোধ ও সামাজিক সচেতনতা ও দায়বদ্ধতা বাড়াতে হবে। এলাকার সার্বিক উন্নয়নে কর্মকর্তাদের সার্বিক বিষয়ে সহযোগিতার ধারা অব্যাহত রাখতে হবে। এছাড়া তিনি সকলের সহযোগিতায় রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও সুন্দর রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

**বিবিধ সিদ্ধান্ত :**

১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ মাদকস্পট, মাদক কারবারী ও সন্ত্রাসীদের ঠিকানা উল্লেখ করে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা বরাবর তালিকা দিবেন।

২) রেজিস্ট্রেশন বিহীন মটর সাইকেল ও লাইসেন্স বিহীন চালকের নাম সুনির্দিষ্ট ভাবে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা বরাবর তালিকা দিবেন।

৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ স্ব স্ব এলাকার বাজারসমূহে সিসি ক্যামেরা স্থাপন ও রাতে পাহারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪) আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলকে সহযোগিতা করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০১/২৩

( মার্জিয়া সুলতানা )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
টেলিফোন নম্বর : ০২৪৭৮৮০৭৪৭৩
e-mail : unorajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০০.০২.০০১.২৩-৫৮ (৪০)

তারিখঃ ১২/০১/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী
মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -১
ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

০২। জেলা প্রশাসক, রাজবাড়ী ।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর,রাজবাড়ী।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০৪। সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে উক্ত কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৫-৩৫। ...................................................................... উপদেষ্টা/সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি,রাজবাড়ী সদর,রাজবাড়ী ।

১২/০১/২৩

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।